

বঙ্গভবন ২৪ মে ২০২৩:

Footage: <https://we.tl/t-rgToA0awPV>

চোরাচালান, মাদক এবং সীমান্ত হত্যা বন্ধে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) - কে আরো তৎপর হওয়ার নির্দেশ দিয়েছেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন।

বিজিবি মহাপরিচালক মেজর জেনারেল এ. কে. এম. নাজমুল হাসান দুপুরে বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করতে গেলে রাষ্ট্রপতি এ নির্দেশ দেন।

সাক্ষাৎকালে বিজিবি প্রধান বর্ডার গার্ড বাংলাদেশ এর সার্বিক কর্মকান্ড সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।

রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন বলেন সীমান্ত রক্ষায় বিজিবি-র ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ।

রাষ্ট্রপতি বলেন, মাদকের অনুপ্রবেশের ব্যাপারে জিরো টলারেন্স নীতিতে কাজ করতে হবে।

আগামী জাতীয় নির্বাচনকে সুষ্ঠু, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ করতে যেকোনো ধরনের অনুপ্রবেশ বন্ধ করতে বিজিবি কে সর্বোচ্চ সতর্ক অবস্থায় থাকার নির্দেশ দেন রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহউদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।